# টানা ৫ দিনের ছুটিতে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান




ছবি: সংগৃহীত

দেশের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠানে টানা ছুটির ঘোষণা দেওয়া হয়েছে। রোববার (১২ এপ্রিল) থেকে শুরু হয়ে এ ছুটি চলবে মঙ্গলবার (১৪ এপ্রিল) পর্যন্ত।

বাৎসরিক ছুটির ক্যালেন্ডার অনুযায়ী, ১২ এপ্রিল বৈসাবি উৎসব, ১৩ এপ্রিল চৈত্র সংক্রান্তি এবং ১৪ এপ্রিল পহেলা বৈশাখ উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বন্ধ থাকবে। ছুটি শেষে বুধবার (১৫ এপ্রিল) থেকে আবারও স্বাভাবিকভাবে ক্লাস ও দাপ্তরিক কার্যক্রম শুরু হবে।

এরই মধ্যে রাজধানীসহ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পৃথক নোটিশের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছে। নোটিশে জানানো হয়, ওই তিন দিন সব ধরনের পাঠদান ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকবে।

অন্যদিকে শুক্র ও শনিবার (১০–১১ এপ্রিল) সাপ্তাহিক ছুটি থাকায় এবার মোট পাঁচ দিনের দীর্ঘ বিরতি পাচ্ছেন শিক্ষার্থীরা।

LENS ASIA